

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং ৫১.০১.০০০০.০১৫.৩৪.০০২.১৮-২৯৫

তারিখ: ০৭/০৯/২০২৩ খ্রি.

**বিষয়: ২০২২-২০২৩ অর্থ বছরের ভূমি উন্নয়ন কর পরিশোধ প্রসংগে।**

সূত্র: ভূমি সংস্কার বোর্ড, ঢাকা এর স্মারক নং ৩১.০২.০০০০.০১৫.০১.০০১.২৩.১৮৭, তাং ২৩-০৫-২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চেয়ারম্যান (সিনিয়র সচিব), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা কর্তৃক একটি পত্র পাওয়া যায়। পত্রে তিনি উল্লেখ্য করেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে জেলা প্রশাসকের কার্যালয়সমূহ হতে প্রাপ্ত ভূমি উন্নয়ন করের আদায় পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট ভূমি উন্নয়ন কর বাবদ ১১,০৫,১২,৫৫৯/- (এগার কোটি পাঁচ লক্ষ বার হাজার পাঁচশত ঊনষাট) টাকা বকেয়া রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে ভূমি উন্নয়ন করের বকেয়া অর্থ পরিশোধের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করেন। উল্লেখ্য যে, প্রতি অর্থ বছরে জেলার চাহিদার ভিত্তিতে ভূমি উন্নয়ন কর পরিশোধ করা হয়ে থাকে।

এমতাবস্থায়, মোহাজের পুনর্বাসনে আপনার জেলায় কী পরিমাণ ভূমি উন্নয়ন কর বাবদ বকেয়া আছে এবং ত্রাণের অধিগ্রহণকৃত ভূমির বিস্তারিত হিসাব বিবরণীসহ ভূমি উন্নয়ন কর পরিশোধের লক্ষ্যে নিম্নেবর্ণিত ছকে চাহিদা পত্র [director.relief@gmail.com](mailto:director.relief@gmail.com) এ e-mail জরুরিভিত্তিতে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ	মন্ত্রণালয়ের দখলীয় জমির পরিমাণ	চলতি অর্থ বছরে অর্থের পরিমাণ	বকেয়া (সাল উল্লেখসহ) অর্থের পরিমাণ	মোট দাবিকৃত ভূমি উন্নয়ন করের অর্থের পরিমাণ
১	২	৩	৪	৫

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
..... (সংশ্লিষ্ট ৪১টি জেলা)।

(মোঃ নুরুল হক চৌধুরী)  
(উপসচিব)  
পরিচালক (ত্রাণ)  
টেলিফোন: ০২-২২২২৬০৩৮৬  
E-mail: [director.relief@gmail.com](mailto:director.relief@gmail.com)

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থেঃ-**

- ০১। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট ৪১টি জেলা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। তাঁকে এ পত্রটি ওয়েবসাইডে Upload করার জন্য অনুরোধ করা হলো।
- ০৩। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(মোঃ নুরুল হক চৌধুরী)  
(উপসচিব)  
পরিচালক (ত্রাণ)